মেহেরপুরে কাউন্সিলর বিপুল হত্যা মামলায় রায় :: সকল আসামি বেকসুর খালাস

মেহেরপুর পৌরসভার ৮নং ওয়ার্ড তৎকালীন কাউন্সিলর ও জেলা যুব লীগের সাবেক সাধারন সম্পাদক আবদুল্লাহ আল মামুন বিপুল হত্যা মামলার সকল আসামিকেই বেকসুর খালাস দিয়েছেন আদালত।

আজ বুধবার বেলা সাড়ে ১১টার দিকে মেহেরপুর জেলা ও দায়রা জজ মো: ওয়ালিউল ইসলাম এ আদেশ দেন। খালাসপ্রাপ্ত আসামিরা হলেন- জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, যুবলীগ নেতা ইয়ানুস শেখ, মাহফুজ আলী, আফজাল হোসেন লিখন ও বাদশা।

মামলার বিবরণে জানা যায়, ২০১৩ সালের ২৮ জানুয়ারি সোমবার দিবাগত রাত ১০ টার দিকে মেহেরপুর শহরের কাসারি পাড়াস্থ জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক (সাবেক সহ প্রচার সম্পাদক) শহিদুল ইসলাম পেরেশানের বাড়িতে একটি পারিবারিক অনুষ্ঠানে মেহেরপুর জেলা যুবলীগের তৎকালিন সাধারণ সম্পাদক ও মেহেরপুর পৌর সভার ৮ নং কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন বিপুল যোগ দেন। অনুষ্ঠান চলাকালিন সময়ে অজ্ঞাত চার-পাঁচজন অস্ত্রধারী সন্ত্রাসীরা সেখানে প্রবেশ করে তাকে লক্ষ্য করে পর পর ৩ রাউণ্ড গুলি করে। এতে তার মাথায় ও বুকে তিনটি গুলিবিদ্ধ হয়। তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এ হত্যাকান্ডের ঘটনায় বিপুলের স্ত্রী বেলী খাতুন বাদী হয়ে ২ দিন পর বুধবার দুপুরে জেলা মেহেরপুর যুবলীগের তৎকালিন সভাপতি সাজ্জাদুল অনাম, অর্থ সম্পাদক ও বর্তমান মেহেরপুর পৌর সভার মেয়র মো: মাহাফুজুর রহমান রিটন, বাড়ির মালিক ও সহপ্রচার সম্পাদক শহিদুল ইসলাম পেরেশানসহ ৭জনের বিরুদ্ধে মামলা একটি দায়ের করেন। পরবর্তিতে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন ও তার শ্যালক আরিফুর রহমান, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনামকে চার্জশিট থেকে বাদ দেওয়া হয়। পরবর্তিতে মামলা সিআইডির কাছে হস্তান্তর হলে শহিদুল ইসলাম পেরেশান, তার ভাই বাদশা, ইয়ানুস, লিখন, মাহফুজ ও জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনামকে আসামি করে চার্জশিট

দেয় সিআইডি।

মামলায় সরকারি পক্ষে পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য এবং আসামি পক্ষে ইয়ারুল ইসলাম, কামরুল ইসলামসহ একাধিক আইনজীবী অংশ নেন।

আসামি পক্ষের আইনজীবী ইয়ারুল ইসলাম বলেন, আমাদের আদালতের প্রতি আস্থা রয়েছে। বিজ্ঞ বিচারক মামলা পর্যবেক্ষণ করে সকল আসামিকে বেকসুর খালাস দিয়েছেন। আমরা রায় পেয়ে সন্তোষ্ট।

পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য জানান, বিজ্ঞ বিচারক চার্জশিটভুক্ত ৬ আসামিকে বেকসুর খালাস দিয়েছেন। আমরা রায়ের পূর্নাঙ্গ কপি পেলে পরবর্তিতে আপিলের বিষয়ে সিদ্ধান্ত নেব।

সৎ ছেলেদের বাটামের আঘাতে মা গুরতর আহত

শিশুকে গাছ কাটতে নিষেধ করায় সৎ মা পারভীনা খাতুন (৫০) কে তার ৩ জন সৎ ছেলে ও তাদের স্ত্রী মিলে বাটাম দিয়ে পিটিয়ে মারাত্বক জখম করেছে।

গাংনী উপজেলার ভবানীপুর গ্রামের ফকিরপাড়া এলাকায় মঙ্গলবার বিকেলের দিকে এ ঘটনা ঘটে।

আহত পারভীনা খাতুন ভবানীপুর গ্রামের ফকিরপাড়া এলাকার সিরাজ উদ্দীনের স্ত্রী। পারভীনার মাথায় ৬ টি সেলাই ও শরীরের বিভিন্ন স্থানে বাটামের মারের আঘাতের দাগ রয়েছে।

পারভীনার সৎ ছেলে (সতিনের ছেলে) শিমুল হোসেন তার স্ত্রী খালেদা, সবুজ হোসেন, তার স্ত্রী শাপলা খাতুন ও সেতু হোসেন, তার স্ত্রী সুমি খাতুন তুচ্ছ ঘটনায় এ মারপিট করেন বলে অভিযোগ করেছেন তিনি।

পারভীনা খাতুন জানান, সবুজ হোসেনের শিশু পুত্র সাজিম হোসেন বাড়ির একটি চারা গাছ কাটছিলো। আমি তাকে গাছ কাটতে নিষেধ করাই

তারা আমাকে ও আমার স্বামী সিরাজ উদ্দীনকে পেরেক ওয়ালা বাটাম দিয়ে পিটিয়ে রক্তাক্ত করে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সামসুল আরেফিন জানান, ওই মহিলার মাথায় ৬ সেলাই দেওয়া হয়েছে। এছাড়া তারা শরীরের বিভিন্ন স্থানে ক্ষতচিহ্ন রয়েছে। তাকে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

গাংনীর সহড়াতলাতে জমির ভাগ নিয়ে প্রতিবন্ধীকে পিটিয়ে আহত

গাংনী উপজেলার সহড়াতলা গ্রামে জমি ভাগ বাটোয়ারাকে কেন্দ্র করে আক্তারুল ইসলাম (২২) নামের এক প্রতিবন্ধী যুবককে পিটিয়ে আহত করেছে তার চাচাতো ভাই। আহত আক্তারুল ইসলাম সহড়াতলা গ্রামের কছিম উদ্দীনের ছেলে।

মঙ্গলবার সকালের দিকে এ মারপিটের ঘটনা ঘটে। আক্তারুলের দুলাভাই আকরাম হোসেন জানান, আড়াই বিঘা জমির ভাগ বাটোয়ার নিয়ে তার চাচা জসিম উদ্দীনের সাথে দুই দিন আগে ঝগড়া ঝাটি হয়।

এঘটনার জের ধরে মঙ্গলবার সকালের দিকে জসিম উদ্দীনের ছেলে সাহারুল ইসলাম লাঠি দিয়ে পিটিয়ে প্রতিবন্ধী আক্তারুল ইসলামকে আহত করে।

আহত আক্তারুল ইসলামকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা শেষে বাড়িতে আনা হয়েছে। বুধবার সকালে এ নিয়ে গ্রাম্য শালিস বৈঠক হওয়ার কথা আছে। শালিস বৈঠকে সুরাহা না হলে থানায় মামলা করা হবে।

গাংনীর পুঁড়াপাড়াতে শাশুড়িকে পিটিয়ে আহত করেছে পুত্রবধু

ইটের গাঁদায় ধাক্কা লেগে ইট পড়ে যাওয়ায় শাশুড়ি মর্জিনা খাতুনকে
(৭০) পিটিয়ে আহত করেছে পুত্রবধু সাহারবানু।

মর্জিনা খাতুন গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের পুড়াপাড়া এলাকার বাবর আলীর স্ত্রী।

মঙ্গলবার সকালের দিকে এ মারপিটের ঘটনা ঘটে। আহত মর্জিনা খাতুনকে গাংন হাসপাতালে চিকিৎসা শেষে বাড়ি ফিরেছেন। পুত্রবধু সাহারবানু তার ছেলে আজগর আলীর স্ত্রী।

মর্জিনা খাতুনের স্বামী বাবর আলী জানান, আমার স্ত্রী আমার ঘরের পিছনে বাথরুমে যাওয়ার সময় আমার ছেলে আজগর আলীর ইটের গাঁদার সাথে ধাক্কা লেগে ইটের গাঁদা পড়ে যায়।

এ ঘটনায় পুত্রবধু সাহাবানু এসে শাশুড়িকে মারপিট শুরু করে। এতে আমার স্ত্রীর একটি হাত ভেঙ্গে গেছে। তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দিয়ে বর্তমানে বাড়িতে চিকিৎসা করানো হচ্ছে।

গাংনীতে মোটরসাইকেল দুর্ঘটনায় স্বামী নিহত, স্ত্রী আহত

মেহেরপুরের গাংনীতে সড়ক দুর্ঘটনায় আব্দুল জাব্বার (২৪) নামের নব বিবাহিত এক যুবক নিহত হয়েছেন। আহত হয়েছেন তার নব- বিবাহিতা স্ত্রী সামিয়া খাতুন (১৮)। নিহত আব্দুল জাব্বার গাংনী উপজেলার রুয়েরকান্দি গ্রামের রফিকুল ইসলামের ছেলে।

মঙ্গলবার সন্ধ্যায় চুয়াডাঙ্গায় আলমডাঙ্গা উপজেলার হারদী স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় আব্দুল জাব্বারের মৃত্যু হয়। তার স্ত্রী সামিয়া আহত হয়ে ওই স্বাস্থ্য কমপ্লেক্সে

ভর্তি রয়েছেন।

এর আগে মঙ্গলবার সন্ধ্যায় গাংনী উপজেলার রুয়েরকান্দি-সহড়াবাড়ীয়া সড়কে মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে আব্দুল জাব্বার ও তার স্ত্রী সামিয়া গুরুতর আহত হয়েছিলেন।

স্থানীয় যুবক ইব্রাহিম জানান, এক মাস আগে আব্দুল জাব্বারের সাথে আলমডাঙ্গা উপজেলার হাটবোয়ালিয়া গ্রামের সামিয়া খাতুনের বিয়ে হয়। স্বামী-স্ত্রী মঙ্গলবার সন্ধ্যায় মোটরসাইকেলযোগে ঘুরছিলেন। তারা দ্রুতগতিতে যাওয়ার সময় মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের উপরে ছিটকে পড়ে মারাত্বক ভাবে আহত হন। এসময় স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে হারদী স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। সেখানে পৌঁছানোর কিছুক্ষ্ণ পর কর্তব্যরত চিকিৎসক জাব্বারকে মৃত ঘোষণা করেন। তার স্ত্রী সামিয়া চিকিৎসাধীন রয়েছেন।

স্থানীয়রা জানান, আব্দুল জাব্বারের বিয়ের পর উপহার হিসাবে তার শ্বশুর ১টি পালসার মোটরসাইকেল প্রদান করেন। ওই মোটরসাইকেলে চড়ে নব-বধূকে সাথে নিয়ে নিজ গ্রামের সড়কে ঘুরছিলেন তিনি। চালক হিসাবে অদক্ষতার কারণেই আব্দুল জাব্বার মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারায়। ফলে তার মৃত্যু হয়।
গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, খবর শুনে পুলিশের একটিদল পাঠানো হয়েছে।

হরিনাকুণ্ডুতে সড়ক দুর্ঘটনায় শিশু নিহত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে সড়ক দূর্ঘটনায় রুহুল আমীন (৯) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। নিহত রুহুল আমীন ৭ নং রঘুনাথপুর ইউনিয়নের নিত্যানন্দপুর বিন্নী গ্রামের মোঃ বাপ্পি হোসেন এর ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায় মঙ্গলবার বিকালের দিকে রুহুল আমীন তার বাসার পাশে রাস্তার উপর খেলা করছিলো,এ সময় বিপরীত দিক থেকে আসা একটি দ্রুতগামী মোটরসাইকেল এসে ধাক্কা দেয়।

এতে রুহুল আমীন রাস্তায় উপর ছিটকে পড়ে ঘটনাস্থলেই নিহত হয় ।এসময় আশপাশের লোকজন তাকে হরিনাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ জামিনুর রশিদ বলেন শিশুটির মাথায় ও মুখে প্রচুর রক্তক্ষরণ হয়েছে। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

হরিণাকুণ্ডু থানার ইন্সপেক্টর তদন্ত রিয়াজুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

আলমডাঙ্গার কালিদাসপুরে ইয়াবাসহ যুবক আটক

আলমডাঙ্গার কালিদাসপুর থেকে ইয়াবাসহ ১৯০ পিস ইয়াবাসহ পিয়াস (২৮) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব-৬।

গত সোমবার দুপুরে উপজেলার কালিদাসপুর গ্রাম থেকে তাকে আটক করে। এসময় তার শরীর তল্লাশি করে ১৯০ পিস ইয়াবা উদ্ধার করে র্যাব। পিয়াস আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর গ্রামের আবু তাহেরের ছেলে ।

জানাগেছে, পিয়স দীর্ঘদিন গোপনে ইয়াবার ব্যবসা করে। পুলিশি অভিযান পরিচালনা করা হলেও সে ধরা ছোঁয়ার বাইরে থাকে।

সোমবার দুপুরে কালিদাসপুর উত্তরপাড়ায় র্যাব-৬ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। নাজমুল মিয়ার দোকানে র্যাবের গাড়ি পৌঁছালে র্যাব দেখে দৌড়ে পালানোর চেষ্ঠা করে পিয়াস। র্যাব তাদের দৌড়ে ধরে।

পরে তার শরীর তল্লাশি করে ১৯০ পিস ইয়াবা উদ্ধার করে র্যাব। এঘটনায় মাদক দ্রব্য আইনে পিয়াসের বিরুদ্ধে মামলা হয়েছে।

মেহেরপুরে হকার্স ফাউন্ডেশন সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে কম্বল বিতরণ

মেহেরপুরে হকার্স ফাউন্ডেশন সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে বালিকা বিদ্যালয় সংলগ্ন হকার্স ফাউন্ডেশন সমাজ কল্যাণ সমিতির কার্যালয়ে মাস্ক ও কম্বল বিতরণ করা হয়।

কম্বল বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর হকার্স ফাউন্ডেশন সমাজ কল্যাণ সমিতির সভাপতি মোঃ মামলত হোসেন।

হকার্স ফাউন্ডেশন সমাজ কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক রফিকুল ইসলামের সঞ্চালনায় কম্বল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর শহর সমাজসেবা অফিসার সোহেল মাহমুদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর সমাজ সেবা অফিসার তৌফিক এলাহী ও সহকারি কম্পিউটার কমিটির মুদ্রা রক্ষক আবু তালেব আলিফ।

এছাড়াও হকার্স ফাউন্ডেশন সমাজ কল্যাণ সমিতির সাংগঠনিক সম্পাদক মোঃ ইকবাল হোসেন কোষাধক্ষ্য সুকুমার অধিকারী প্রমুখ উপস্থিত ছিলেন।

হরিনাকুণ্ডুতে আন্তর্জাতিক

মাতৃভাষা দিবস উপলক্ষে প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা প্রশাসনের উদ্যেগে গতকাল মঙ্গলবার দুপুরে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা সভাপতিত্বে প্রস্তুতিমুলক সভায় প্রধান অতিথি ছিলেন, উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন,সভায় বিশেষ অতিথি ছিলেন সহকারী কমিশনার (ভূমি) সেলিম আহামেদ,পৌর মেয়র ফারুক হোসেন,স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ জামিনুর রশিদ,

প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোহাম্মদ জামাল হোসাইন,মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা,যুব উন্নয়ন কর্মকর্তা বেল্লাল হোসেন, ইউপি চেয়ারম্যান জাহিদুল ইসলাম বাবু (মিয়া),মনজুর রাশেদ, কামল হোসেন,শরাফত দৌলা ঝন্টু, অ্যাডভোকেট বজলুল রহমান,বসির উদ্দীন,আবুল কালাম আজাদ সহ বিভিন্ন স্কুল কলেজের প্রধানগণ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকৃন্দ প্রমূখ।

মেহেরপুরে বেগম সালেহা পেলেন জাতীয় পর্যায়ে নারী বীর মুক্তিযোদ্ধা সম্মাননা

মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্দ্যেগে জাতীয় পর্যায়ে সম্মাণনা মেহেরপুরের সেই নারী বীর মুক্তিযোদ্ধা বেগম সালেহাকে বীর মুক্তিযোদ্ধা সম্মাননা – ২০২২ ভূষিত হয়েছেন।

মহিলা বীর মুক্তিযোদ্ধা সম্মাননা – ২০২২ অনুষ্ঠানে ভার্চুয়ালী